ঃ মহাদেবপুর উপজেলা পরিষদে ২৩/০৫/২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ আহসান হাবীব
উপজেলা পরিষদ চেয়ারম্যান
মহাদেবপুর,নওগাঁ।

সভার তারিখ : ২৩/০৫/২০২২ খ্রি:

সভার সময় : দুপুর ১২: ০০ টা।

সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অত:পর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক কর্মসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি উপস্থিত দপ্তর প্রধানদের বক্তব্য তুলে ধরার আহবান জানান।

০১। বিভাগীয় আলোচনা :

১.১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস:

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্হ্য কমপ্লেকে রোগী পরিবহনের জন্য একটি এম্বুলেন্স এর প্রয়োজন। তিনি আরো জানান বর্তমানে ডায়ারিয়ারের প্রকোপ ক্রমান্বয়ে বেড়ে চলেছে। এ বিষয়ে সকলকে সচেতন হতে হবে। সামনে বর্ষাকালে পানি জমা বিষয়ে পদক্ষেপ নিতে হবে যাতে মশার বংশ বিস্তারে বাধা সৃষ্টি করা যায়। তিনি হাসপাতালের ভিতর পরিস্কার পরিচ্ছতার এবং ভিতরের রাস্তার বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য উপজেলা পরিষদের সহযোগিতা কামনা করেন। হাসপাতালের কার্যক্রম স্বাভাবিক বলে তিনি সভাকে অবহিত করেন।

১.২। কৃষি বিভাগ:

উপজেলা কৃষি কর্মকর্তা জানান, বর্তমানে রবি ২০২১-২০২২ মৌসুমে অত্র মহাদেবপুর উপজেলায় এ বছর বোরো ফসলের লক্ষ্যমাত্রা ২৮০৪০ হেক্টর। এ পর্যন্ত ২৮৪২০ হেঃ জমিতে বোরো ফসল কর্তন করা হয়েছে।এর মধ্যে বোরো হাইব্রিড ১১২০ হেক্টর ফলন এবং ৫.৪ মেঃ (চাল) ও উফশী-২৭৩০০ হেক্টর ৩.৮মেঃটন (চাল) সর্বমোট উৎপাদন ১০৯৭৮৮ মেঃটন (চাল)। বর্তমানে খরিপ-১ মৌসুমে রোপা আউশের লক্ষ্যমাত্রা ১৪০১৫ হেক্টর নির্ধারণ করা হয়েছে। বর্তমানে ধানের বাজার মূল্য ভাল থাকায় ধান কৃষকগণ চাষে আগ্রহী হয়ে উঠেছে। শাক সবজি ফসলের বর্তমান আবস্হা ভাল। কোথাও পোকা মাকড় ও রোগ বালাই এর উল্লেখযোগ্য কোন সমস্যা নাই। মাঠে সার,বিদ্যুৎ ও জ্বালানী তেলের মজুদ,সরবরাহ সন্তোষজনক।

১.৩। উপজেলা প্রাণি সম্পদ অফিস:

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নাই।

১.৪। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ):

সভায় সহকারী প্রকৌশলী (বরেন্দ্র) জানান যে, বর্তমানে মহাদেবপুর উপজেলায় ৫৫১ টি গভীর নলকূপ সচল রয়েছে। বর্তমানে সেচ কার্যক্রমের তেমন প্রয়োজন নাই। দাপ্তরিক সকল কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৫। উপজেলা সমাজসেবা বিভাগ:

সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত রয়েছে। কোন সমস্যা নাই। উপস্হিত ১০জন ইউপি চেয়ারম্যান উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যক্রমে অসন্তোষ প্রকাশ করেন। তাঁকে দাপ্তরিক কার্যক্রম সরকারি নিয়মে করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা সমাজ সেবা কর্মকর্তার কার্য্ক্রমে ভবিষ্যতে যাতে কোন রুপ অনিয়ম বা সমস্যার সৃষ্টি না হয় সে বিষয়ে সমাজ সেবা অফিসারকে সর্তক করে দেন।

১.৬। উপজেলা শিক্ষা অফিস :

উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দপ্তরের বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। কোন সমস্যা নাই। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে।

১.৭। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর:

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, দপ্তরের চলমান কার্যক্রমের মধ্যে রয়েছে দুস্হ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচী,দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচী,মহিলাদের আত্ম-কর্মসংস্হানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচী,মহিলা প্রশিক্ষণ কেন্দ্র, উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়-বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) কর্মসূচী ও কিশোর-কিশোরী ক্লাব স্হাপন প্রকল্প। তিনি আরো জানান চলমান ২০২১-২২ ভিজিডি চক্রের মে/২২ মাস পর্যন্ত খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে এবং যথা নিয়মে চালু রয়েছে। অত্র উপজেলায় বর্তমানে মোট ১৩৯০ জন উপকারভোগীর মাতৃত্বকাল ভাতা চলমান আছে এবং এ পর্যন্ত ১৯১ জন মহিলার মাঝে ঘুর্নয়মান ঋণ হিসেবে ১৮,৪৬,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায় চলমান রয়েছে।

মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ৩০জন প্রশিক্ষণার্থীকে সেলাই প্রশিক্ষণ ও আইজিএ প্রশিক্ষণ কেন্দ্রে ১৪তম ও ১৫তম দুই ব্যাচে মোট ১০০জন প্রশিক্ষণার্থীকে ব্লক-বাটিক ও ভার্মি কম্পোষ্ট,মৌমাছি চাষ প্রশিক্ষণ ০৩ মাস মেয়াদে প্রদান করা হচ্ছে। কিশোর-কিশোরী ক্লাব স্হাপন প্রকল্পের ক্লাব সমূহে নির্ধারিত সিডিউল মোতাবেক ক্লাশ চালু রয়েছে। অত্র দপ্তর কর্তৃক দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে। কোন সমস্যা নাই।

১.৯। উপজেলা মৎস্য অফিস:

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর কার্যালয়ের কার্যক্রম বিষয়ে বর্ণনা করে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ১) অফিসে আগত মৎস্য চাষীকে মাছ চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ প্রদান করা হচ্ছে। ২) মৎস চাষীদের পুকুর খামার পরিদর্শন পূর্বক পানি পরীক্ষা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। ৩) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ২ দিন ব্যাপি ২টি ব্যাচে মোট ৫০জন মৎস্য চাষিকে পাবদা/গুলশা/শিং/মাগুর মাছের একক ও মিশ্র চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৪) মৎস্য সংরক্ষণ আইন বাস্তবয়ননে হাট-বাজার,নদী পরিদর্শন ও অভিযান পরিচালনা করা হচ্ছে। অফিসের কার্যক্রম স্বাভাবিক।

১.১০। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :

সভায় সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম সন্তোষজনক ভাবে চলছে। মুজিব বর্ষে গৃহহীনদের আবাসনে ৭টি নলকূপ স্হাপিত হয়েছে। এর সাথে দপ্তরে আরো ১৮টি সাবমারসিবল পাম্পের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত সাবমার সিমল পাম্পের পি,ভি,সি পাইপসহ অনান্য জিনিসপত্র পরীক্ষাধীন রয়েছে। স্বল্প সময়ের মধ্যে সাবমারসিবল পাম্পের কাজ শুরু হবে।

১.১১। উপজেলা যুব উন্নয়ন অফিস:

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি মাসে ৯জন যুব ও যুবা মহিলাকে ৬,২০,০০০/- ঋণ প্রদান করা হয়েছে। ১০জনকে আত্মকর্মী করা হয়েছে। নওগাঁ যুব প্রশিক্ষণ কেন্দ্রে ৫জনকে ১মাস মেয়াদি আবাসিক প্রশিক্ষণ প্রদানের জন্য প্রেরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

১.১২। উপজেলা সমবায় অফিস:

উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, নওগাঁ যুব অডিট বরাদ্দ রয়েছে =২২২টি, অডিট সম্পাদন =২২২টি এবং ৫৮টি সমিতির নীট লাভ হয়েছে। অডিট দি আদায় =গতমাসে ১১৫৮৪০/-,'অডিট ফি আদায় ভ্যাট ১৫%=১৭৩৭৬/- সমবায় উন্নয়ন তহবিল=৫৫,৮৭৫/-টা ৫০টি সমিতি পরিদর্শন করা হয়েছে। আশ্রয়ন প্রকল্পে ৫১,৭০,০০০/- বরাদ্দ পাওয়া গেছে। আশ্রয়ন প্রকল্পে ৬২,৪৩,০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আশ্রয়ন প্রকল্পে ঋণ আদায় হয়েছে=৩১,৭০,০৮৩/-টাকা।

১.১৩। উপজেলা আনসার ও ভিডিপি অফিস:

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, তার দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নাই।

১.১৪। উপজেলা পল্লী উন্নয়ন অফিস:

উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড মহাদেবপুর এর আওতায় ইউসিসি এর লিঃ এর মাধ্যমে চলতি মাসে ১টি প্রাথমিক কৃষক সমবায় সমিতে ১.৩১লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি মাসে ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ হয়েছে আবর্তক (কৃষি ঋণ) ঘুর্ণয়মানভাবে ৫৪.৫৬ লক্ষ টাকা। বিভিন্ন প্রাথমিক সমবায় সমিতিতে চলতি মাসে আবর্তক ঋণ আদায় হয়েছে ২.৪৮ লক্ষ টাকা। চলতি অর্থ বছরে ক্রমপুঞ্জিত ঋণ আদায় হয়েছে ৪৬.০৯ লক্ষ টাকা।এ ছাড়া চান্দাশ ইউনিয়নে চলমন পল্লী প্রগতি প্রকল্পের কার্যক্রমের অংশ হিসেবে চলতি মাসে ঋণ বিতরণ করা হয়নি। ক্রমপুঞ্জিত ঋণ বিতরন হয়েছে চলতি অর্থবৎসরে ৩৬.৩২ লক্ষ টাকা। চলতি মাসে ঋণ আদায় হয়েছে৬.২১ লক্ষ টাকা। চলতি অর্থ বছরে ক্রমপুঞ্জিত ঋণ আদায় হয়েছে ৩৯.৭৯ লক্ষ টাকা। অস্বচ্ছল মুক্তিযোদ্ধা প্রকল্পের মাধ্যমে চলতি মাসে ঋণ আদায় হয়েছে ১.৫৬ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত চলতি অর্থ বৎসরে ঋণ আদায় হয়েছে ৪.৩২ লক্ষ টাকা।সিভিডিপি প্রকল্পের মাধ্যমে ২০জন মহিলাকে রাজশাহী ইউসেপ এ সেলাই এর উপর ৬০দিন ব্যাপী প্রশিক্ষণ করানো হচ্ছে। এ ছাড়া ১০ জন ছেলেকে নওগাঁ টিটিসিতে মোটর ড্রাইভিং এর উপর ৬০ দিন ব্যাপী প্রশিক্ষণ করানো হচ্ছে। দপ্তরের সার্বিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

চলমান পাতা-৩

১.১৬। উপজেলা পরিবার পরিকল্পনা অফিস:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। কোন রুপ সমস্যা নাই।

১.১৭। পল্লী বিদ্যুৎ সমিতি:

ডিজিএম, মহাদেবপুর জোনাল অফিস, নওগাঁ পবিস-২, মহাদেবপুর, নওগাঁ সভায় জানান যে,বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সাম্প্রতিক ঝড়ে কোথাও কোথাও বিদ্যুৎ নিয়মিতভাবে সরবরাহে সমস্যা হচ্ছে তবে দু-এক দিনের মধ্যে সকল সমস্যার সমাধান হবে বলে তিনি সভাকে অবহিত করেন। দাপ্তরিক কোন সমস্যা নেই।

১.১৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২২ অর্থ বছরে ২য় পর্যায়ের কাবিখা এবং ৩য় পর্যায়ে টিআর প্রকল্প পাওয়া গেছে। যাহা এ মিটিং এ অনুমোদন করা যায়। অতি দরিদ্রদের জন্য কর্ম সংস্থান কর্মসূচীর ২য় পর্যায়ের কাজ শুরু করা হয়েছে। ১ম পর্যায়ে দুইটি ইউপির কিছু টাকা শ্রমিকদের পাওনা আছে যা পাওয়ার জন্য যোগাযোগ করা হচ্ছে। ২০২১-২২ অর্থ বছরে এইচবিবি প্রকল্পের আওতায় ২টি প্রকল্পের আওতায় ২টি প্রকল্পের টেন্ডার করা হয়েছে। যার কাজ চলমান আছে। দপ্তরের অনান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

১.১৯। বন বিভাগ:

সভায় উপস্থিত উপজেলা বন কর্মকর্তা জানান, অত্র মহাদেবপুর উপজেলায় বন বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সাম্পতিক ঝড়ে কোন কোন ইউপির রাস্তার গাছ অথবা গাছে ডালপালা ভেঙ্গে গেছে। সেগুলো সংশ্লিষ্ট ইউপিতে ঝড়ে ভেঙ্গে পড়া গাছ/গাছের ডালপালা সংরক্ষণ করা হয়েছে। পরবর্তীতে সরকারি বিধিমতে নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে বলে তিনি সভাকে অবহিত করেন।

১.২০। উপজেলা প্রকৌশল দপ্তর ঃ

উপজেলা প্রকৌশলী,মহাদেবপুর সভায় জানান যে, উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিলের ২০২১-২২ অর্থ বছরের সার্বিক অগ্রগতি ৯০%। উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর প্যাকেজ UDF/NAO/MOHA/ 2021-22/W-8 Tender ID-638796 এর কাজ (ক) চককামাল পাকা রাস্তা হতে আমজাদ মেম্বারের বাড়ি সোলিং এর কাজটি স্হানীয় জনসাধারণ এর চাহিদার প্রেক্ষিতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর,নওগাঁ ও উপজেলা প্রকৌশলীসহ প্রকল্পটি পরিদর্শন করেন এবং প্রকল্পটি পার্শ্ববর্তী চককামাল পাকা রাস্তা হতে মসজিদ অভিমূখে রাস্তাটি স্হানান্তর করার জন্য সুপারিশ করেন।

সিদ্ধান্ত ঃ বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে রাস্তাটির স্হান পরিবর্তন করে পুনরানয় কাজ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান হয়।

২। বিবিধ ঃ

২.১। উপজেলা পরিষদ চেয়ারম্যানের জীপগাড়ি সম্পর্কে আলোচনা ঃ

নওগাঁ জেলাধীন মহাদেবপুর উপজেলা পরিষদ চেয়ারম্যানের অনুকূলে বরাদ্দকৃত জীপগাড়িটি যার নম্বর নওগাঁ-ঘ-১১ -০০৩৩ মিতসুবিসি জীপগাড়ির ইঞ্জিন নং-পিসি ৬৮৬৭,চ্যাসিস নং-০০০২৮১৭। গত ০১/০১/২০১১খ্রিঃ তারিখে জীপগাড়িটি সরবরাহ পাওয়া যায়। বর্তমানে জীপগাড়িটির ইঞ্জিনের ক্রটিসহ বিভিন্ন সমস্যা জনিত কারণে ব্যবহারের অনুপযোগি হয়ে পড়েছে। বার বার জীপগাড়িটি মেরামত করা হলেও ইঞ্জিনসহ অনান্য যন্ত্রাংশ পুনঃপুন অকেজো হয়ে যাচ্ছে। কোন অবস্হায় মেরামত করে গাড়িটি আর ব্যবহারের উপযোগী হচ্ছে না। উপজেলা পরিষদের জীপগাড়িটি অকেজো ঘোষনা করা প্রয়োজন। বিষয়টি উদ্ধর্তন কর্তৃপক্ষকে অবহিত করে পরবর্তী ব্যবস্হা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান হয়।

সিদ্ধান্ত ঃ বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে জীপগাড়ির বিবরণ সম্বলিত প্রতিবেদন জেলা প্রশাসক,নওগাঁ মহোদয়ের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আহসান হাবীব)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মহাদেবপুর, নওগাঁ
☏০২৫৮৮৮৮৭৫১০০ মোবা: ০১৭১২-১৬৬৩১০
ই-মেইল: uzpcmohadevpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহাদেবপুর, নওগাঁ।
Website: mohadevpur.naogaon.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.০০০.১০.০১.২২-

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ / ২৪ মে ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ৪৮, নওগাঁ- ৩, মহাদেবপুর-বদলগাছী নির্বাচনী এলাকা, নওগাঁ।
২। জেলা প্রশাসক, নওগাঁ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।
৫। উপজেলা ---------------------------------------------------- অফিসার, মহাদেবপুর, নওগাঁ।
৬। চেয়ারম্যান, --------------------------------------------- ইউপি (সকল), মহাদেবপুর, নওগাঁ।
৭। -----------------------------------------------------------------------------------------------

২৪/৫/২২

(মোঃ মিজানুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মহাদেবপুর, নওগাঁ।
☏০২৫৮৮৮৮৫০০১ মোবা: ০১৭৭৪৯১৪৮৪৯